

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কুরআনের ৪০ টি রবানা দোয়া সিরিজ-১

১. ইব্রাহিম ও (তার পুত্র) ইসমাইল যখন এই ঘরের (কাবা ঘরের) ভিত উঠাচ্ছিল তখন তারা (দোয়া করে) বলেছিল,

**رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ**

আমাদের প্রভু! আমাদের পক্ষ থেকে আমাদের এ কাজ কবুল করো। নিশ্চয়ই তুমি সব কিছু শোনো, সবকিছু জানো। (সূরা ২ আল বাকারা আয়াত ১২৭)

২. তারা আরও (দোয়া করে) বলেছিল,

**رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمِينَ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَا أُمَّةً مُسْلِمَةً لَكَ وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ**

হে আমাদের রাব্ব! আমাদের উভয়কে আপনার অনুগত করুন, এবং আমাদের বংশধরদের মধ্য হতেও আপনার অনুগত এক দল লোক সৃষ্টি করুন, আর আমাদেরকে ইবাদাতের পদ্ধতি শিখিয়ে দিন এবং আমাদের তাওবা কবুল করুন, নিশ্চয় আপনি ক্ষমাশীল, করুণাময়। (সূরা ২ আল বাকারা আয়াত ১২৮)

৩. হজ্জের অনুষ্ঠান সম্পন্ন করার পর আল্লাহকে বেশি বেশি স্মরণ (যিকির) করার নির্দেশ আল্লাহ তা'য়ালার দিয়েছেন। তারপর বলেছেন কিছু লোক আছে যারা বলে "প্রভু, আমাদেরকে এই দুনিয়াতেই (আমাদের প্রাপ্য) দিয়ে দাও।" এ ধরনের লোকদের জন্য আখেরাতে কোনো অংশ নেই। এরপর মহান আল্লাহ তায়ালার ইরশাদ করেন: তাদের মধ্যে আবার এমন লোকেরাও আছে, যারা বলে (দোয়া করে),

**رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ**

প্রভু! আমাদেরকে এই দুনিয়াতে কল্যাণ দান কর এবং আখেরাতেও কল্যাণ দান কর, আর আমাদেরকে রক্ষা করে আগুনের আঘাব থেকে। (সূরা ২ আল বাকারা আয়াত ২০১)

৪. আর তারা (দাউদ ও তার সেনাবাহিনী) যখন যুদ্ধের জন্য জালুত এবং তার (বিশাল) সেনাবাহিনীর মুখোমুখি হলো, দোয়া করলো,

**رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ**

আমাদের প্রভু! আমাদের দৃঢ়তা দান করো, আমাদের কদমকে মজবুত রাখো এবং এই কাফির লোকদের বিরুদ্ধে আমাদের সাহায্য করো। (সূরা ২ আল বাকারা আয়াত ২৫০)

**ব্যখ্যা:** দাউদ ও তার সেনাবাহিনীকে (এই বাহিনীর নাম তালূতের সেনাবাহিনী তালুত রাজা ছিল দাউদ সেনাপতি ছিল) পরীক্ষা করা হয়েছিল পিপাসা নিবৃত্ত করার জন্য নদীর পানি পান করার হুকুমের মাধ্যমে, যে নদীর পানি পান করবে সে দাউদের সেনাবাহিনীর দলভুক্ত থাকবে না তবে এক আধ আজলা পান করতে পারবে। অল্প কিছু সৈন্য ছাড়া বাকিরা নদীর পানি আকণ্ঠ পান করলো। যারা আকণ্ঠ পানি পান করেছিল, তারা বলেছিল: আজ জালুত ও তার সেনাদলের সাথে যুদ্ধ করার শক্তি আমাদের নেই। কিন্তু আল্লাহর সাথে একদিন তো সাক্ষাৎ হবেই এ বিশ্বাস যাদের ছিল, তারা বললো:

**আল্লাহর হুকুমে ক্ষুদ্র সেনাদল শক্তিশালী বৃহৎ সেনাদলকে পরাজিত করেছে এমন ঘটনা বহুবারই ঘটেছে।  
আল্লাহ সবর (দৃঢ়তা) অবলম্বনকারীদের সাথেই থাকেন।**

অতএব আল্লাহর হুকুমে, তারা (দাউদের সেনাদল) তাদের (জালুতের সেনাদলকে) পরাস্ত করলো এবং দাউদ জালুতকে (কাফেরদের সেনাপতি) হত্যা করলো। আর আল্লাহ দাউদকে দান করলো রাজত্ব ও হিকমত (প্রজ্ঞা)।

প্রিয় ভাই ও বোনেরা আসুন আমরা কোরআনের বর্ণিত দোয়া গুলি নিয়মিত তেলাওয়াত করি এবং এই ভাষায়ই আমরা আল্লাহর কাছে চাইতে থাকি। আল্লাহকে সালাত ও জিকিরের মাধ্যমে বেশি বেশি স্মরণ করি।

## আমীন

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

Click here <http://www.morningbrightness.fi/>